"আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো"

"অতীব জরুরী"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-বরিশাল
কর ভবন, ক্লাব রোড, বরিশাল
**www.tax.barisal.gov.bd**

নথি নং- কঅবরি/৮এম-১(প্রশাসন)/২০২৩-২০২৪/ ৪৯০ (৪২)

তারিখঃ ০৩ কার্তিক, ১৪৩০ ব.
১৯ অক্টোবর, ২০২৩ খ্রি.

বরাবর,

**উপজেলা নির্বাহী কর্মকর্তা**
**গলাচিপা উপজেলা**
**পটুয়াখালী।**

**বিষয় ঃ "আয়কর আইন-২০২৩" অনুযায়ী গণকর্মচারীর আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

জাতীয় রাজস্ব আহরণে সার্বিক সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আয়কর রিটার্ন দাখিলসহ বিভিন্ন বিল প্রদানের ক্ষেত্রে আপনার কার্যালয় কর্তৃক উৎসে কর্তনকৃত কর রাজস্ব প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

আপনি অবগত আছেন যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলায় প্রণীত "আয়কর আইন-২০২৩" ১লা জুলাই ২০২৩ হতে কার্যকর হয়েছে। ইতোপূর্বে গণকর্মচারীদের নির্দিষ্টকৃত মূল বেতনের ভিত্তিতে আয়কর রিটার্ন দাখিলের নিয়ম থাকলেও বর্তমান আয়কর আইন-২০২৩ এ গণকর্মচারীর বেতন গ্রেড নির্বিশেষে সকলের আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

- আয়কর আইনের ১৬৬(গ) ধারা অনুযায়ী কোন ব্যক্তি গণকর্মচারী হলে তিনি রিটার্ন দাখিল করবেন।
- আয়কর আইনের ২৬৪(৩) ২৭ ধারা অনুযায়ী গণকর্মচারীর বেতন ভাতাদি প্রাপ্তিতে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল করতে হবে।
- আয়কর আইনের ১৬৭ (১) ধারা অনুযায়ী সকল গণকর্মচারী আবশ্যিকভাবে পরিসম্পদ ও দায়ের বিবরণী দাখিল করবেন। **অর্থাৎ গণকর্মচারী মাত্রই তাঁকে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।**

এ প্রেক্ষিতে আপনার কার্যালয়ে কর্মরত সকল গণকর্মচারীকে ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. (নতুন ব্যক্তি করদাতার ক্ষেত্রে ৩০ জুন ২০২৪) এর মধ্যে আয়কর রিটার্ন দাখিলের বিষয়টি অবগত করানোসহ আপনার সভাপতিত্বে আয়োজিত মাসিক সমন্বয় সভায় অন্যান্য সরকারী কার্যালয়ের প্রতিনিধিদের সাথে বিষয়টি আলোচনার অনুরোধ জানাচ্ছি। উল্লেখ্য এ বিষয়ে সকল ধরণের সহযোগিতার জন্য আমাদের কার্যালয়সমূহ প্রস্তুত রয়েছে। আপনাদের কর সেবা প্রদানের লক্ষ্যে এই পত্রের সাথে বরিশাল বিভাগ সংশ্লিষ্ট আয়কর সার্কেলের কর্মকর্তা ও কর পরিদর্শকের নাম, মোবাইল/টেলিফোন নম্বরসহ তালিকা সংযুক্ত করা হল।

গণকর্মচারী হিসেবে সরকারের প্রণীত আইন পরিপালন এবং দেশের অভ্যন্তরীণ উৎস হতে রাজস্ব সংগ্রহ বৃদ্ধির লক্ষ্যে আপনার ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গলাচিপা, পটুয়াখালী
প্রশাসনিক কর্মকর্তা
সহঃ প্রশাসনিক কর্মকর্তা
সার্টিফিকেট পেশকার
হিসাব সহকারী
ডকেট নং ঃ
তারিখ ঃ ২৯/১০/২৩
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
তদন্তপূর্বক প্রতিবেদন দিন
উপস্থাপন করুন
মন্তব্যসহ উপস্থাপন করুন
আলোচনা করুন
উপজেলা নির্বাহী অফিসার

১৯/১০/২৩
(মো. সারোয়ার হোসেন চৌধুরী)
কর কমিশনার (চ:দা:)
কর অঞ্চল-বরিশাল।

M-3/Nefaul Sir

# কর সেবা গ্রহণের লক্ষ্যে যোগাযোগের জন্য আয়কর কার্যালয়ের তালিকা

| জেলার নাম | আয়কর কার্যালয় ও কর্মকর্তার নাম, পদবী ও টেলিফোন / মোবাইল নম্বর | কর পরিদর্শকের নাম ও মোবাইল নম্বর |
|---|---|---|
| বরিশাল জেলা | কর কমিশনারের কার্যালয়<br>জনাব মোহাম্মদ মোইনুল হক মজুমদার, উপ কর কমিশনার<br>সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-বরিশাল<br>টেলি: ০২৪৭৮৮৬১৬৭৯, মোবা: ০১৮১৮১৮১৩৬৮ | মিজ্ সুমনা পারভীন, কর পরিদর্শক<br>মোবা: ০১৯২৩০১০০৯০ |
| | কর কমিশনারের কার্যালয়<br>জনাব মোঃ নেফাউল ইসলাম সরকার, উপ কর কমিশনার<br>সদর দপ্তর (প্রায়োগিক), কর অঞ্চল-বরিশাল<br>টেলি: ০২৪৭৮৮৬৩৮৩৪, মোবা: ০১৭১৭৩৫৮৯৫৪ | মিজ্ মনজোড়া চৌধুরী, কর পরিদর্শক<br>মোবা: ০১৭৫৮৫৭২১৫৮ |
| | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৩(বৈতনিক), বরিশাল<br>জনাব মোঃ নাফিজুল হক শাওন, সহকারী কর কমিশনার<br>কর অঞ্চল-বরিশাল, মোবা: ০১৯১২৩১৬১১৪ | জনাব তামিম হাসান খান, কর পরিদর্শক<br>মোবা: ০১৭৩৪৫৫০৫০০ |
| | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-০৭(বৈতনিক), বরিশাল<br>জনাব মওদুদ আহম্মদ ভূইয়া, উপ কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল<br>টেলি: ০২৮৭৮৮৬১৪২১, মোবা: ০১৯১৬০০১৪০১ | জনাব মোঃ শরিফুল ইসলাম, কর পরিদর্শক<br>মোবা: ০১৬৮১৪৯০৪২৯ |
| ভোলা জেলা | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১০, ভোলা<br>জনাব এ,কে,এম শামশুল আলম, উপ কর কমিশনার,<br>কর অঞ্চল-বরিশাল, মোবা: ০১৭১১৭৮১৯০৬ | জনাব আব্দুল কুদ্দুস কাজী, কর পরিদর্শক<br>মোবা: ০১৯২৪৯৩২৫৪০ |
| | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১১(বৈতনিক), ভোলা<br>জনাব শ্যাম সুন্দর রায়, অতিরিক্ত সহকারী কর কমিশনার,<br>কর অঞ্চল-বরিশাল<br>টেলি: ০২৪৭৮৮৯৩৩৬১, মোবা: ০১৮৮০১৬২০৮২ | জনাব মোঃ ফারুক হোসেন, কর পরিদর্শক<br>মোবা: ০১৭৩৩৫৬৪৪৭৪ |
| পিরোজপুর জেলা | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-০৬, পিরোজপুর<br>জনাব সাফিয়াল মেজনাবিন, সহকারী কর কমিশনার<br>কর অঞ্চল-বরিশাল<br>টেলি: ০২৪৭৮৮৯০৩৯২, মোবা: ০১৯২০১৫১০০৭ | জনাব লেলিন বৈদ্য, কর পরিদর্শক<br>মোবা: ০১৭৯১০৫৭৩০১ |
| ঝালকাঠি জেলা | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-০৫, ঝালকাঠি<br>জনাব মোহাম্মদ আলাউদ্দিন, সহকারী কর কমিশনার<br>কর অঞ্চল-বরিশাল<br>টেলি: ০২৪৭৮৮৭৫৬৮৫, মোবা: ০১৭১৮৩৮৩০৮৯ | জনাব সরোজতি পাল, কর পরিদর্শক<br>মোবা: ০১৭৫৩৫৫৫০৪৭ |
| বরগুনা জেলা | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৫, বরগুনা<br>জনাব এস এম নুরুজ্জামান, অতিরিক্ত সহকারী কর কমিশনার<br>কর অঞ্চল-বরিশাল<br>টেলি: ০২৪৭৮৮৮৫২৮৩, মোবা: ০১৭২৪০৯৫২৯০ | জনাব উজ্জল মিয়া, কর পরিদর্শক<br>মোবা: ০১৭১৯৩১৫২৪৩ |
| পটুয়াখালী জেলা | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৮(বৈতনিক), পটুয়াখালী<br>জনাব মোঃ হুমায়ুন কবির, উপ কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল<br>মোবা: ০১৭২২০০৩৭৫৭ | জনাব মোঃ নাছির হাওলাদার, কর পরিদর্শক<br>মোবা: ০১৫১৬৭৪৪০৭৪ |
| | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৯ (গলাচিপা) পটুয়াখালী<br>জনাব মোঃ হুমায়ুন কবির, উপ কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল<br>মোবা: ০১৭২২০০৩৭৫৭ | জনাব মোঃ লুৎফর রহমান, কর পরিদর্শক<br>মোবা: ০১৭৮৭৩৩৫৩০৯ |
| | উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-২০ (কলাপাড়া) পটুয়াখালী<br>জনাব মোঃ মাসুদ রানা, সহকারী কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল<br>মোবা: ০১৫২১৪৯৬৫১৩ | জনাব সঞ্জীব কুমার বিশ্বাস, কর পরিদর্শক<br>মোবা: ০১৭৩৮৬০৭৬৩৪ |